

সাম্প্রতিক কালে ময়মনসিংহ বিভাগের মৎস্য খাতের প্রধান প্রধান অর্জনসমূহ

- ময়মনসিংহ বিভাগ মৎস্য সম্পদে সমৃদ্ধ একটি এলাকা। এ বিভাগে গত ২০১৮-১৯ আর্থিক সালে সর্বমোট ২.৪১ লক্ষ মে. টন মাছের চাহিদার বিপরীতে প্রায় ৫.৯৮ লক্ষ মে. টন মাছ উৎপাদিত হয়েছে। অর্থাৎ ৩.৫৭ লক্ষ মে.টন মাছ উদ্বৃত্ত, যা ঢাকা সহ দেশের বিভিন্ন বাজারে বিক্রি হয়েছে। ময়মনসিংহ জেলা বাংলাদেশে মাছ উৎপাদনে ১ম স্থান অধিকার করে আছে এবং সারাদেশের মোট মাছ উৎপাদনের প্রায় শতকরা ১০ ভাগই ময়মনসিংহ বিভাগে উৎপাদিত হয়েছে। ময়মনসিংহ বিভাগে ৩০০টি বেসরকারী ও ১২টি সরকারী হ্যাচারীর মাধ্যমে সারাদেশে মাছের পোনা সরবরাহ করা হয়ে থাকে। এ বিভাগে প্রায় ২০৯৪৩৩ জন মৎস্য চাষী সরাসরি মৎস্য উৎপাদন প্রক্রিয়ার সাথে জড়িত।
- **অবকাঠামো উন্নয়ন :** নেত্রকোণা, শেরপুর জেলা নতুন মৎস্য ভবন কমপ্লেক্স তৈরী ময়মনসিংহ জেলা মৎস্য ভবন কমপ্লেক্স সংস্কার সহ জেলার বিভিন্ন সরকারি মৎস্য বীজ উৎপাদন খামারে বিভিন্ন সংস্কারমূলক কাজ সম্পাদন করা হয়েছে। ফুলপুর, কেন্দুয়া, আটপাড়া, বারহাট্টা উপজেলায় মৎস্য অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণ করা হয়েছে।
- **পুকুর/জলাশয় সংস্কার :** বিভাগের বিভিন্ন জেলা ও উপজেলায় বিভিন্ন পুকুর/জলাশয় সংস্কার করা হয়েছে। এপিএ কর্মসূচীর আওতায় বিগত ২০১৮-১৯ অর্থবছরে প্রায় ৩৭ হেক্টর মৎস্য আবাসস্থল উন্নয়ন করা হয়েছে।
- **পোনামাছ অবমুক্তকরণ :** রাজস্ব কর্মসূচির আওতায় প্রায় ২৫ মে. টন মাছের পোনা অবমুক্ত করা হয়েছে।
- **বিল নার্সারী স্থাপন :** রাজস্ব কর্মসূচী ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৮-১৯ সালে ১৭ হেক্টর জলাশয়ে বিলনার্সারী স্থাপন করা হয়েছে। উৎপাদিত পোনার পরিমাণ প্রায় ৪৬ লক্ষ। মাছের উৎপাদন বৃদ্ধি ১১.০০ মে. টন এবং সুফলভোগীর সংখ্যা ৩৩,০০০ জন।
- **মৎস্য প্রদর্শনীস্থাপন :** প্রায় ৫৩ হেক্টর জলাশয়ে প্রদর্শনী স্থাপন করা হয়েছে। ফলে মাছের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। কাঁকড়া ও কুচিয়া চাষ প্রকল্পের আওতায় প্রদর্শনী কার্যক্রম চলমান রয়েছে।
- **মৎস্য প্রশিক্ষণ প্রদান :** রাজস্ব ও উন্নয়ন কর্মসূচির আওতায় প্রায় ১০০০০ জন মৎস্যজীবী/ মৎস্যচাষী/ উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার ফলে আধুনিক মৎস্য প্রযুক্তি সম্প্রসারিত হয়েছে।
- **মৎস্যজীবী নিবন্ধন ও পরিচয়পত্র (আই. ডি কার্ড) প্রদান :** বিভাগের ৩৫ টি উপজেলায় প্রায় ৫০,০০০ জন মৎস্যজীবীকে নিবন্ধন করা হয়েছে এবং এ যাবৎ প্রায় ৩০০০০ জনকে আই. ডি কার্ড প্রদান করা হয়েছে।
- **অভয়াশ্রম স্থাপন :** বিভাগে ১৪টি অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষন করা হয়েছে। ফলে বিলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির মাছ পুনরুদ্ধারসহ মাছের প্রাকৃতিক প্রজনন বৃদ্ধি পেয়েছে। এতে জলাশয়ে মাছের প্রাকৃতিক উৎপাদন বৃদ্ধি পেয়েছে।
- প্রায় ৮৬৮৮ জন মাছ চাষীকে মাছের রোগবালাই সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়েছে।